## প্রেসিডেন্সি কলেজ

# প্রাসঙ্গিকী

প্রতিষ্ঠাতৃ-দিবস

PRESIDENCY COLLEGE LIBRARY
Presented
Bengali
CALCUTTA

২০এ জানুয়ারি, ১৯৮৬

পশ্চিমবঙ্গ সরকারী মুদ্রণ, আলিপুর
১৯৮৬

৫২৭'১
---
স৯২৫৬

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

## প্রতিষ্ঠাতৃ-দিবস, ২০-এ জানুয়ারি ১৯৮৬

কলকাতার প্রেসিডেন্সি কলেজ যে ঐতিহ্যকে বহন ক'রে নিয়ে চলেছে তা হিন্দু কলেজেরই ঐতিহ্য। হিন্দু কলেজ স্থাপিত হয়েছিল ১৮১৭ খ্রীস্টাব্দের ২০-এ জানুয়ারি। প্রতিষ্ঠা থেকেই হিন্দু কলেজকে ঘিরে দেশবাসীর অমেয় আশা জেগে উঠেছিল, কারণ এই প্রতিষ্ঠান থেকেই ভারতবর্ষের আধুনিক শিক্ষাব্যবস্থা এবং নূতন মূল্যবোধের সূচনা হল। ১৮৫৫ খ্রীস্টাব্দে তখনকার সরকার হিন্দু কলেজের পরিচালনভার গ্রহণ করলেন আর ঘোষণা করলেন যে এ কলেজের দুয়ার সর্বসাধারণের জন্য উন্মুক্ত হবে আর এর নাম হবে প্রেসিডেন্সি কলেজ। তখন হিন্দু কলেজেরই নামান্তর হল প্রেসিডেন্সি কলেজ। নামান্তর হল কিন্তু পৃথক্ প্রতিষ্ঠান হল না—পরিচালনভার সরকারের হাতে এল কিন্তু নূতন মূল্যবোধে শিক্ষাদানের ধারা বদলালো না। মহাবিদ্যালয় সেই মূল্যমানের ধারাকে অব্যাহত গতিতে আজও পর্যন্ত এগিয়ে নিয়ে চলেছে। এ মহাবিদ্যালয়ের প্রকৃত জন্মতারিখ তাই ১৮১৭ খ্রীস্টাব্দের ২০-এ জানুয়ারি।

আজ এ প্রতিষ্ঠানের বয়স হল ১৬৯ বছর। কিন্তু সগর্বে বলতে পারি যে, প্রথম থেকেই যে উৎকর্ষের আদর্শ ও মঙ্গলের আদর্শ সে বরণ ক'রে নিয়েছিল আজও সেই উৎকর্ষ এবং মঙ্গলের আদর্শ থেকে সে এতটুকুও বিচ্যুত হয় নি। তাই আজও এর অফুরন্ত প্রাণের ভান্ডার থেকে সে জাতীয় জীবনে নেপথ্যচারিণী ধাত্রীমাতার মতোই পুষ্টির রসদ জুগিয়ে চলেছে।

যাঁরা এই ঐতিহ্যমণ্ডিত মহাবিদ্যালয়ের স্থাপনের ব্যাপারে অক্লান্ত পরিশ্রম করেছিলেন অনলস প্রচেষ্টায় অমেয় আন্তরিকতায় গোপন আত্মত্যাগে এর প্রতিষ্ঠা সম্ভব করেছিলেন আমাদের সেই ভবিষ্যদ্‌দ্রষ্টা পূর্বসূরিদের আমরা স্মরণ করি। স্যার এডওয়ার্ড হাইড ইস্ট বৈদ্যনাথ মুখোপাধ্যায়, রামমোহন রায়, ডেভিড হেয়ার, জোসেফ ব্যারেটো, জে এইচ হ্যারিংটন, লেফটেনান্ট কর্ণেল ফ্রান্সিস আরভিন, বর্ধমানের মহারাজা তেজচাঁদ বাহাদুর, পাথুরেঘাটার গোপীমোহন ঠাকুর, গঙ্গানারায়ণ দাস, গোপীমোহন দেব, রসময় দত্ত, বড়বাজারের মল্লিক পরিবার, রাধামাধব বন্দোপাধ্যায়, জয়কৃষ্ণ সিংহ হরিমোহন ঠাকুর প্রমুখ বরেণ্য ব্যক্তিদের প্রতি আমরা আমাদের ভক্তি ও শ্রদ্ধা নিবেদন করি। এই দিনটি আমরা শুধু প্রতিষ্ঠাদিবস রূপে পালন করি না—এ'দের স্মরণে এ'দের প্রতি শ্রদ্ধায় দিনটিকে "প্রতিষ্ঠাতৃ-দিবস" ব'লে উদ্‌যাপিত করি।

### পরীক্ষার ফল

অন্যান্য বছরের মতোই এবারও আমাদের পরীক্ষার ফল খুবই ভাল। ১৯৮৪ সালের বি এ পরীক্ষায় মোট ৮৪ জন ছাত্রছাত্রী পরীক্ষা দিয়েছিল। তার মধ্যে ৮৩ জনই উত্তীর্ণ হয়েছে। বাকি যে একজন রইল সে অসুস্থতার কারণে পরীক্ষা সম্পূর্ণ দিতে পারে নি। মোট ১৬ জন ছাত্র-ছাত্রী কলা বিভাগে প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। এর মধ্যে রয়েছে ইংরেজীতে দু'জন, ইতিহাসে চার জন, দর্শন শাস্ত্রে পাঁচ জন, রাষ্ট্রবিজ্ঞানে তিন জন, সংস্কৃতে এক জন ও হিন্দীতে এক জন।

বি এস-সি পরীক্ষায় মোট ১৬৮ জন ছাত্রছাত্রীর মধ্যে ১৬৬ জন ছাত্রছাত্রী উত্তীর্ণ হয়েছে। এক্ষেত্রেও দু'জন ছাত্র পরীক্ষা সম্পূর্ণ করতে পারে নি। উত্তীর্ণ ছাত্রছাত্রীদের মধ্যে পদার্থবিদ্যায় ১৯ জন, রসায়নবিদ্যায় ৮ জন, গণিতবিদ্যায় ৩ জন, শারীরবিদ্যায় ৫ জন, ভূতত্ত্ববিদ্যায় ১০ জন, প্রাণীবিদ্যায় ১ জন, উদ্ভিদবিদ্যায় ১১ জন, রাশিবিজ্ঞানে ২ জন, ভূগোলে ৮ জন, এবং অর্থনীতিবিদ্যায় মোট ১৪ জন ছাত্রছাত্রী প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। প্রথম শ্রেণীতে উত্তীর্ণ ছাত্রছাত্রীর মোট সংখ্যা ৭৯।

কলা বিভাগে এবং বিজ্ঞান বিভাগের এই ফলই চূড়ান্ত বলতে পারি না—কেননা কয়েকটি বিভাগের ছাত্রছাত্রী তাদের ফল পুনর্বিচারের জন্য বিশ্ববিদ্যালয়ে পাঠিয়েছে। তার ফলাফল এখনও নথিভুক্ত হয় নি।

## পুরস্কার ও বৃত্তি

গত শিক্ষাবর্ষে কলেজে ১৯ জন ছাত্রকে কলেজ বৃত্তি দেওয়া হয়েছে। ন্যাশনাল স্কলারশিপ পেয়েছিল ৯০টি ছাত্র। তফসিলভুক্ত জাতি ও উপজাতি ছাত্রদের ১১ জন বৃত্তি পেয়েছে। ন্যাশনাল লোন স্কলারশিপ পেয়েছে ৫৬ জন। আসাম গভর্ণমেন্ট স্কলারশিপ পেয়েছে ১ জন, ত্রিপুরা গভর্ণমেন্ট স্কলারশিপ পেয়েছে ৫ জন। জাতীয় প্রতিভা অনুসন্ধান বৃত্তি পেয়েছে ৫ জন।

কলেজে আরও প্রচুর পুরস্কার ও মেডাল দেবার ব্যবস্থা আছে। এবার যেসব ছাত্রছাত্রী বিভিন্ন পরীক্ষায় কৃতিত্ব দেখিয়ে মেডাল ও পুরস্কার লাভের যোগ্য ব'লে বিবেচিত হয়েছে তাদের নাম পরিশিষ্ট ৩-এ দেওয়া হল।

## উল্লেখযোগ্য সংবাদ

প্রেসিডেন্সি কলেজের প্রাক্তন ছাত্রসভা এবার থেকে দু'টি বার্ষিক এককালীন দু'শো টাকা ক'রে অনুদান দেবার কথা ঘোষণা করেছেন। এই অনুদান বি এ ক্লাসের ছাত্রদের মধ্যে একজন এবং বি এস-সি ক্লাসের ছাত্রদের মধ্যে একজন পাবে। এটা খুব অভাবগ্রস্ত ছাত্রদের মধ্যে দু'জনকে দেওয়া হবে।

শারীরবিদ্যা বিভাগের প্রাক্তন ছাত্র যোগেন্দ্রনাথ মৈত্রের স্মৃতিরক্ষার্থে তাঁর পুত্র জয়ন্তকুমার মৈত্র যে অর্থদান করেছেন তা থেকে একটি অছি-তহবিল গঠিত হয়েছে। সেই তহবিলের টাকা থেকে ১৯৮৬ সাল থেকে ডঃ জে এন মৈত্র জনবোধ্য বক্তৃতার আয়োজন করা হবে। এটা করবে শারীরবিদ্যা বিভাগ সংলগ্ন ফিজিওলজিক্যাল ইনস্টিটিউট।

## অধ্যাপকমণ্ডলীর পরিবর্তন

সরকারী কলেজের নিয়ম অনুসারে শিক্ষকদের যাওয়া-আসা চলতেই থাকে। এ বছরও বিভিন্ন বিভাগে অনেকে এসেছেন অনেকে অন্য মহাবিদ্যালয়ে চলে গেছেন বদলি হয়ে। কেউ তাঁর কর্মজীবন শেষ ক'রে অবসর নিয়েছেন কেউবা অন্যত্র চলে গেছেন সরকারী কাজ ছেড়ে দিয়ে।

যেসব বিভাগে অধ্যাপকমণ্ডলীর পরিবর্তন হয়েছে তার বিবরণ দিচ্ছি। বিভাগগুলির নাম অ-কারাদিক্রমে সাজিয়ে নিচ্ছি।

**অর্থনীতি** বিভাগ থেকে ডঃ সুগত মারজিত চলে গেছেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ে, তিনি ছিলেন এ বিভাগের একজন গবেষণা-সহায়ক। **ইংরেজী** বিভাগ থেকে চলে গেছেন ডঃ সুপ্রিয়া চৌধুরী। তিনি যাদবপুর বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়েছেন রিডার পদে। তাঁর পদে যোগ দিয়েছেন শ্রীমতী ভাস্বতী চক্রবর্তী। ইনি এসেছেন লেডি ব্রেবোর্ণ কলেজ থেকে। **ইতিহাস** বিভাগে এসেছেন শ্রীসুবোধকুমার মজুমদার। বিভাগ থেকে চলে গেছেন শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়। **উদ্ভিদবিদ্যা** বিভাগে তিনজন যোগ দিয়েছেন আর দু'জন বদলি হয়ে গেছেন। এসেছেন ডঃ রবীন্দ্রপ্রসাদ, ডঃ বরুণকুমার চট্টোপাধ্যায়, ও ডঃ মলয় চক্রবর্তী, আর চলে গেছেন ডঃ সুভাষ সাঁতরা এবং শ্রীরঞ্জিতকুমার চক্রবর্তী। **দর্শন** বিভাগ থেকে অবসর নিয়ে চলে গেছেন ডঃ জটীলকুমার মুখোপাধ্যায়। **পদার্থবিদ্যা** বিভাগে যোগ দিয়েছেন ডঃ এস আর বোস। ইনি এসেছেন শিবপুর বি ই কলেজ থেকে। **প্রাণিবিদ্যা** বিভাগ থেকে চন্দননগর সরকারী কলেজে বদলি হয়ে চলে গেছেন ডঃ ডি কে চক্রবর্তী আর ওই কলেজ থেকে এসে তাঁর জায়গায় যোগ দিয়েছেন ডঃ এ কে ব্যানার্জী। **বাংলা** বিভাগের ডঃ হরনাথ পাল অবসর গ্রহণ করেছেন। তাঁর জায়গায় যোগ দিয়েছেন ডঃ স্বরাজ সেনগুপ্ত। ইনিও চন্দনগর কলেজ থেকে এসেছেন। **রসায়ন** বিভাগে এসেছেন শ্রীবিপদতারণ গড়াই এবং ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস। এই বিভাগ থেকে বদলি হয়ে চলে গেছেন শ্রীপ্রভাতকুমার পাঁজা। **রাশিবিজ্ঞান** বিভাগে বিভাগীয় প্রধান হিসাবে যোগ দিয়েছেন ডঃ ভাগবত দাশগুপ্ত। পূর্ববর্তী বিভাগীয় প্রধান ডঃ অতীন্দ্রমোহন গুণ, সরকারী চাকরি থেকে দু'বছরের ছুটি নিয়ে নর্থ ইস্টার্ন হিল বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়েছেন। **রাষ্ট্রবিজ্ঞান** বিভাগে শ্রীদাশরথি সেনগুপ্ত ও শ্রীফণীন্দ্রনাথ ভট্টাচার্য হুগলী মহসীন কলেজ থেকে বদলি হয়ে এসেছেন। বিভাগ থেকে চলে গেছেন শ্রীরথীন্দ্রমোহন চৌধুরী। তিনি হুগলী মহসীন কলেজেই যোগ দিয়েছেন।

## বিভিন্ন বিভাগের সংবাদ

**অর্থনীতি বিভাগঃ** বিভাগে একটি পদ এখনও শূন্য। একজন গবেষণা-সহায়ক ডঃ সুগত মারজিত যাদবপুর বিশ্ববিদ্যালয়ে চলে গেছেন। বি এস-সি পাট টু ১৯৮৪-র পরীক্ষায় ১৪ জন প্রথম শ্রেণীতে সাম্মানিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। ১৯৮৫-র পরীক্ষার ফল এখনও বেরোয় নি। বিভাগে প্রথম বর্ষে ৩০, দ্বিতীয় বর্ষে ৩০ এবং তৃতীয় বর্ষে মোট ২৭ জন ছাত্রছাত্রী রয়েছে। বিগত বছরগুলিতে বিভাগে যে গবেষণামূলক কাজের ধারা প্রতিষ্ঠিত হয়েছে তার গৌরব অম্লান রয়েছে। বিভাগের সঙ্গে যুক্ত সেন্টার ফর ইকনমিক স্টাডিজ-এ ছ' জন জুনিয়ার এবং একজন সিনিয়ার রিসার্চ ফেলো কাজ ক'রে যাচ্ছেন বিভাগের 'প্রফেসর' পদে আসীন শিক্ষকদের অধীনে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের একটি বিশেষজ্ঞ কমিটি সেন্টার ফর ইকনমিক স্টাডিজ-এর কাজকর্ম পর্যালোচনার জন্য বিভাগটি পরিদর্শন করে গেছেন গত ১৯৮৫ সালের মে মাসে তাঁদের দেওয়া অনুকূল প্রতিবেদনের ভিত্তিতে আরও পাঁচ বছরের জন্য আর্থিক অনুদান মঞ্জুর করা হয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন অধ্যাপক এম কে রক্ষিতকে অর্থনীতি বিষয়ে ১৯৮৫-৮৬ সালের জাতীয় বক্তৃতা দেবার জন্য আমন্ত্রণ জানিয়েছেন।

প্রখ্যাত অর্থনীতিবিদ ডঃ এ কে দাশগুপ্ত এবং দিল্লীর আই এস আই-এর ডঃ শুভাশিস্ গঙ্গোপাধ্যায় বিভাগের সেমিনারে বক্তৃতা দিয়ে গেছেন।

**ইংরেজী বিভাগঃ** এবার স্নাতক পর্যায়ের পরীক্ষায় ইংরেজী বিভাগের ছাত্রছাত্রীরা অসামান্য কৃতিত্বের পরিচয় দিয়েছে। ১৯৮৪ সালের বি এ পার্ট ওয়ান পরীক্ষায় ৭ জন ও পার্ট টু পরীক্ষায় ৩ জন ছাত্রছাত্রী প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। ১৯৮৩ সালের এম এ পরীক্ষায় কলেজের একজন এবং ১৯৮৪ সালের এম এ পরীক্ষায় কলেজের দু'জন ছাত্রী প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছেন। এই সব পরীক্ষাগুলিতেই কলেজের ছাত্রছাত্রীরা সারা বিশ্ববিদ্যালয়ে প্রথম স্থান অর্জন করে।

পরীক্ষার ফল ছাড়াও বিভাগের ছাত্রছাত্রীরা বিভিন্ন সভা ও আলোচনার মধ্য দিয়ে তাদের পঠিত বিষয়ে অনুরাগ ও মেধার পরিচয় দেয়। একটি কবিতা ও ছোটগল্প প্রতিযোগিতাও অনুষ্ঠিত হয়েছে।

বিভাগের শ্রীমতী সুদেষ্ণা চক্রবর্তী তাঁর পি-এইচ ডি গবেষণাপত্র যাদবপুর বিশ্ববিদ্যালয়ে দাখিল করেছেন। সেটির বিষয় হল Cromwell and Milton: Interpretations of the Commonwealth Period in the Nineteenth Century. ডঃ সুকান্ত চৌধুরী দিল্লী বিশ্ববিদ্যালয়ে Shakespeare and Elizabethan Pastoral Drama বিষয়ে একটি বক্তৃতা দেন। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শেকস্পিয়র সংক্রান্ত সেমিনারে Hamlet and the Concept of Nobility বিষয়ে প্রবন্ধ পাঠ করেন ডঃ সুপ্রিয়া চৌধুরী।

**ইতিহাস বিভাগঃ** বিভাগের ছাত্রছাত্রী-অধ্যাপকরা সাতটি সেমিনারের আয়োজন করেছে। এসব সেমিনারে যাঁরা এসেছেন তাঁরা সকলেই সমাজবিজ্ঞানের বিভিন্ন শাখার লব্ধপ্রতিষ্ঠ গবেষক। ডঃ দীনেশ চক্রবর্তীর (মেলবোর্ন বিশ্ববিদ্যালয়) বক্তৃতার বিষয় ছিলঃ জাতীয়তাবাদী আন্দোলনে নিম্নবর্গের ভূমিকা। বোম্বাই বিশ্ববিদ্যালয়ের ডঃ (শ্রীমতী) আসিয়া সিদ্দিকির বিষয় ছিলঃ বোম্বাইয়ের বাণিজ্য ও মূলধন। শ্রীপার্থ চট্টোপাধ্যায় বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ ও মহাত্মা গান্ধীর জাতীয়তাবাদী ভাবনার তুলনাত্মক সমীক্ষা করেন। গাড়োয়ালী কৃষকদের অভ্যুত্থান বিষয়ের সেমিনারে পৌরোহিত্য করেন শ্রীরামচন্দ্র গুহ। শ্রীঅঞ্জন ঘোষের আলোচনার বিষয় ছিল উনিশ শতকের ভারতবর্ষে ধর্ম ও রাজনীতির পারস্পরিক সম্পর্ক। ১৯৩৯ থেকে ১৯৪২ সালের কংগ্রেসী রাজনীতির বিশ্লেষণ করেন শ্রীচন্দন মিত্র। ১৯৮৫ সালের মাঝামাঝি অধ্যাপক রামশরণ শর্মার প্রদত্ত ভারতীয় সামন্ততন্ত্র বিষয়ে ভাষণ ছিল এই বিভাগের শ্রেষ্ঠ প্রাপ্তি।

১৯৮৫ সালের অক্টোবর মাসে বিভাগের প্রধান ডঃ রজতকান্ত রায় Leiden University-তে আয়োজিত আলোচনা সভায় Indian and Chinese Credit Networks in South-East Asia in the 19th Century শীর্ষক নিবন্ধ পাঠ করেন, বিভাগের অধ্যাপক ডঃ দেবেন্দ্রবিজয় মিত্র বেঙ্গল প্রেসিডেন্সির মুদ্রাব্যবস্থায় বিষয়ে গবেষণানিয়ত। ডঃ সুবোধ মুখোপাধ্যায়ের 'বাংলার আর্থিক ইতিহাস'-এর দ্বিতীয় খণ্ড রচনা চলছে। তিনি ইতোমধ্যে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে গত ১১ই থেকে ১৩ই মার্চ, ১৯৮৫তে মঞ্জুরী কমিশন আয়োজিত সেমিনারে 'Evolution of Historiography in Bengal· A Study of the Pattern of Growth, 1800-1947' নামে একটি নিবন্ধ পাঠ করেন।

**উদ্ভিদবিদ্যা বিভাগঃ** বি এস-সি পার্ট ওয়ানে এই বিভাগের ১৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৩ জন প্রথম শ্রেণীতে ও ১১ জন দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। পার্ট টু পরীক্ষাতে ২৪ জন পরীক্ষার্থীর মধ্যে ১১ জন প্রথম শ্রেণীতে ও বাদবাকি সবাই দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। ডঃ এ কে করের কাছে পশ্চিমবঙ্গের ছত্রাক বিষয়ে ৪ জন ছাত্র গবেষণায় নিরত রয়েছে। শ্রী এ পি দাসের কাছে গবেষণা করছে দু' জন ছাত্র।

বিভাগ থেকে অবসরগ্রহণ করেছেন ডঃ সুনীলকুমার ভট্টাচার্য। দুঃখের বিষয় বিভাগের নিষ্ঠাবান কর্মী এবং এস্টাবলিশমেন্ট স্টাফ শিবশঙ্কর প্রসাদ পরলোকগমন করেছেন।

অধ্যাপকদের তত্ত্বাবধানে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের ছাত্রছাত্রীরা উত্তরবঙ্গ, ঝাড়গ্রাম ও সুন্দরবনে শিক্ষামূলক ভ্রমণ করে।

**ক্রীড়া বিভাগঃ** ১৯৮৫ সালের বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা সময়মত অত্যন্ত উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে অনুষ্ঠিত হয়েছিল। মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠা সপ্তাহ উপলক্ষে প্রাক্তন ছাত্রদের সঙ্গে বর্তমান ছাত্রদের ক্রিকেট প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। ক্রীড়া বিভাগের উদ্‌যোগে ভলিবল ও ব্যাডমিন্টন প্রতিযোগিতারও আয়োজন হয়েছিল। আন্তর্বিভাগীয় ফুটবল প্রতিযোগিতায় খুব উৎসাহ দেখা গিয়েছিল। আমাদের মহাবিদ্যালয় আন্তর্মহাবিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতায়ও অংশগ্রহণ করেছিল।

খেলাধুলায় সম্প্রতি ছাত্রছাত্রীদের যে উৎসাহ দেখা গিয়েছে তাতে আশা হচ্ছে যে, জীবনের কিছু শিক্ষা যে খেলার মাঠেও হয় সে ব্যাপারে সকলে সচেতন হয়ে উঠেছে। আশা করা যায় যে আগামী বৎসরগুলিতেও এই উৎসাহ তাদের চরিত্র গঠনে সহায়ক হয়ে উঠবে।

প্রেসিডেন্সি কলেজের খেলার মাঠের দুরবস্থা সম্পর্কে বলবার কিছু নেই। তারের জালে ঘেরা থাকা সত্ত্বেও বহু বহিরাগত মানুষের উৎপাতে মাঠের অবস্থা ভাল রাখা যাচ্ছিল না। সম্প্রতি কলেজের গভর্নিং বডিও এ ব্যাপারে চিন্তা করেছে এবং ব্যবস্থাগ্রহণ করার কথা ভেবেছে। আশা করা যায় অচিরে মাঠের অবস্থার উন্নতি হবে।

**গণিতবিদ্যা বিভাগঃ** ১৯৮৪-র পার্ট টু বি এ, বি এস-সি পরীক্ষায় মাত্র আটজন ছাত্রছাত্রী পরীক্ষায় বসেছিল। এই আটজনের মধ্যে তিনজন প্রথম শ্রেণীতে ও বাদবাকি পাঁচজন দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। শতকরা প্রায় ৯০ নম্বর পেয়ে সমস্ত বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে শ্রীঅম্বরনীল সেনগুপ্ত। বিভাগে নতুন কেউ আসেন নি। কেউ বদলিও হন নি কিন্তু বিভাগের প্রফেসর পদে একজনের এবং অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে একজনের মোট দু' জনের পদ এখনও শূন্যই রয়ে গেছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুদানে গৃহীত একটি গবেষণা প্রকল্পের প্রধান গবেষক হিসাবে আছেন অবসরপ্রাপ্ত অধ্যাপক প্রফেসর পি চৌধুরী।

বিভাগে যে সেমিনার আয়োজিত হয়েছিল তাতে শ্রীঅমৃতলাল হাতিয়াল Topology বিষয়ে চারটি বক্তৃতা দেন। Computer Programming in Fortran বিষয়ে বক্তৃতা দেন ডঃ জি দে মুন্সী, বিভাগীয় প্রধান ডঃ এম মিত্র এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ডঃ এ চক্রবর্তীর যৌথ নির্দেশে পরিচালিত হয়ে বনহুগলী কলেজের অধ্যাপক শ্রী আর কে ভট্টাচার্য পি-এইচ ডি

ডিগ্রী লাভ করেছেন। এ'র গবেষণা-নিবন্ধের বিষয় ছিলঃ Effect on Elastic Wave Propagation of Granular Character and Random Variation of Properties of the Medium.

**গ্রন্থাগার বিভাগঃ** ১৯৮৫ সালের ৩১-এ মার্চ পর্যন্ত গৃহীত হিসাবে গ্রন্থসংখ্যা দাঁড়িয়েছে ১,৩৮,৯৫৭ খানি এবং বাঁধানো পত্রিকার সংখ্যা দাঁড়িয়েছে ১৫,১২৯ খানি। গত বছর এ সময়ে গ্রন্থসংখ্যা ছিল ১,৩৭,৬৫৯। ১৯৮৪-৮৫ সালের কেনা বই ও পত্রিকার সংখ্যা যথাক্রমে ১,২৩৫ এবং ১১৮। এ বছর ৬৩ খানি বই ও পত্রিকা উপহার হিসাবে পাওয়া গেছে। বাঁধাতে হবে এমন পত্রপত্রিকা ও বইয়ের সংখ্যা খুব কম নয়।

১৯৮৪-৮৫ সালে ব্যবহৃত বইয়ের সংখ্যা ১,০৪,০৫০। এর মধ্যে বাড়িতে ব্যবহারের জন্য ৩৯,৫২৪টি বই দেওয়া হয়েছিল। সেমিনারে ব্যবহারের জন্য দেওয়া হয়েছে ১,৯৪৪ খানি বই।

রসায়ন বিভাগের পুরানো যে হল ঘরটি একতলায় কলেজ স্ট্রীটের সঙ্গে সমান্তরাল ভাবে রয়েছে তাতে দ্বিতল স্টীল র‍্যাক তৈরি ক'রে ১৯৮২ সালেই যথেষ্টসংখ্যক বই ও পত্রপত্রিকা স্থানান্তরিত করা হয়েছিল। কিন্তু পাখা ও আলোর অভাবে তার ব্যবহার সম্ভব হচ্ছিল না। সুখের বিষয় এবছর সে হল ঘরের বৈদ্যুতীকরণের জন্য৩৯,৬৯৪ টাকা মঞ্জুর করা হয়েছে। আশা করা যায় মার্চ ১৯৮৬-র মধ্যে তার কাজ সম্পূর্ণ হবে।

তবে দুঃখের বিষয় আজ প্রায় বিশ বৎসর যাবৎ ঝাড়পোঁছ করার জন্য দু' জন 'ফরাস'-এর আবেদন ক'রে চলা সত্ত্বেও এ ব্যাপারে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কোনও সাড়া পাওয়া যায় নি। নিয়মিত ঝাড়পোঁছ না করলে ধ্বংস ও অবক্ষয়ের হাত থেকে ১৬৯ বৎসর ধরে গড়ে তোলা এ অমূল্য সম্পদ রক্ষা করা সম্ভব হবে না। এ ব্যাপারে সক্রিয় বিবেচনা প্রয়োজন।

লাইব্রেরীতে যে চতুর্থ শ্রেণীর কর্মচারীরা আছেন তাঁদের কাজের ধরন ও দায়িত্ব আলাদা ধরনের। সে জন্য তাঁদের বেতন পুনর্বিন্যাসের আবেদন জানানো হয়েছে। এ বিষয়েও একটা নিষ্পত্তি হওয়া আশু প্রয়োজন।

প্রেসিডেন্সি কলেজের সমৃদ্ধ গ্রন্থাগারটি যাতে ছাত্রছাত্রী ও গবেষক, অধ্যাপকরা ব্যাপক-ভাবে ব্যবহার করতে পারে সেজন্য বেশি সময় তা খুলে রাখার প্রস্তাব জানিয়ে পঞ্চাশের গোড়ার দিকে কর্তৃপক্ষের কাছে আবেদন জানানো হয়েছিল। আশা করা যায় শীঘ্রই এব্যাপারে কিছু সিদ্ধান্ত নেওয়া যাবে।

গ্রন্থাগারের প্রয়োজনীয় কিছু ফরম ছাপানোর জন্য ডব্লিউ বি জি প্রেসে পাঠালে বিভিন্ন কারণ দেখিয়ে তা বারবার ফেরত দেওয়া হয়ে থাকে। এ বছরে কিছু ফরম কর্তৃপক্ষের অনুমতিক্রমে স্থানীয় প্রেস থেকে ছাপিয়ে নেওয়া হয়েছে।

এ বছর ছাত্রছাত্রীদের তরফ থেকে অধ্যক্ষ মহাশয়ের কাছে গ্রন্থাগারের সুযোগসুবিধা বাড়াবার জন্য দাবি করা হয়। তার পরিপ্রেক্ষিতে কতকগুলি ব্যবস্থা নেওয়া হয়েছে যার মধ্যে উল্লেখযোগ্য হ'লঃ

(১) বি এ/বি এস-সি পরীক্ষার্থী/পরীক্ষার্থিনীদের বিশ্ববিদ্যালয়ের ফল প্রকাশ পর্যন্ত গ্রন্থাগার ব্যবহারের সুযোগ;

(২) বাড়িতে বই 'ইস্যু' করা সময় বাড়ানো, ইত্যাদি।

শ্রীফণীভূষণ পাল ও শ্রীশৈলেন্দ্রনাথ ঘটক এই উভয় গ্রন্থাগারিকের যৌথ উদ্যোগে বিজ্ঞান-গ্রন্থাগারের পুস্তকগুলির তালিকাভুক্তির কাজ ত্বরান্বিত হয়েছে।

গ্রন্থাগারিক শ্রীবিমলেন্দু গুহ কলকাতা বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট ইন জার্মান ল্যাঙ্গুয়েজ পরীক্ষার প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছেন।

এ বছর নতুন এক লাইব্রেরী কমিটি তৈরি হয়েছে, তাঁরা লাইব্রেরীর নিয়মকানুনের আধুনিক প্রয়োজনানুগ সংশোধনের জন্য কাজ করছেন।

ইংরেজী বিভাগের অধ্যাপক সুকান্ত চৌধুরীর প্রচেষ্টায় তাঁর বিভাগের ছাত্রছাত্রীরা ইতোমধ্যে গ্রন্থাগারের কয়েকটি পুরাতন ক্যাটালগ নতুন করে লিখছেন। গ্রন্থাগার কর্তৃপক্ষ তাঁদের কাছে এইজন্য ঋণী।

**দর্শন বিভাগঃ** বিভাগের ফলাফল সন্তোষজনক। বিভাগের তেরো জন ছাত্রছাত্রীর মধ্যে ছ'জন বি এ পার্ট টু পরীক্ষায় প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। এদের একজন সারা বিশ্ববিদ্যালয়ে প্রথম শ্রেণীতে প্রথম হয়েছে। এম এ ছাত্রছাত্রী ছিল ৫ জন। এদের মধ্যে একজন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

বিভাগের প্রবীণ অধ্যাপক ডঃ জটিলকুমার মুখোপাধ্যায় গত এপ্রিল ১৯৮৫-তে অবসর গ্রহণ করেছেন।

বঙ্গীয় দর্শন পরিষদের বার্ষিক সাধারণ সভা গত সেপ্টেম্বর মাসে এ কলেজেই অনুষ্ঠিত হয়। তাতে পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ও কলেজের প্রখ্যাত অধ্যাপকগণ যোগ দেন। এই অনুষ্ঠানে বিভাগের প্রধান ডঃ নীরদবরণ চক্রবর্তী 'আমি কে' এই বিষয়ে প্রবন্ধ পাঠ করেন। তিনি এই পরিষদের সহ-সভাপতি এবং 'দর্শন' পত্রিকার যুগ্ম-সম্পাদকদের একজনরূপে মনোনীত হন। বিভাগের অন্যতম অধ্যাপক শ্রীঅজিত ভট্টাচার্য বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ডঃ রমাপ্রসাদ দাসের নিবন্ধের উপর আলোচনায় অংশগ্রহণ করেছিলেন।

গত মে মাসে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে যে সর্বভারতীয় সেমিনার হয় তাতে বিভাগীয় প্রধান ডঃ নীরদবরণ চক্রবর্তী ভারতীয় অধ্যাত্মবিদ্যার মনীষীদের চিন্তার দৃষ্টিকোণ থেকে জাতীয় সংহতি বিষয়ে একটি নিবন্ধ পাঠ করেন। নিবন্ধটি সেখানে আলোচিত হয়। এছাড়া তিনি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রণে গত ডিসেম্বর মাসে দু'টি পাঠ্যসূচী-বিস্তারক বক্তৃতা দেন।

**পদার্থবিদ্যা বিভাগঃ** ১৯৮৫ শিক্ষাবর্ষে শিক্ষকমণ্ডলীর মধ্যে কেবল একটি পরিবর্তন হয়েছে। ডঃ এস আর বোস বিভাগে যোগ দিয়েছেন। তিনি এসেছেন শিবপুর বি ই কলেজ থেকে। এ ছাড়া পদার্থবিদ্যা বিভাগের প্রফেসর ডঃ এ কে রায় চৌধুরী এবং অন্য দু'জন অধ্যাপক শ্রী আর চক্রবর্তী এবং শ্রী এম আর মজুমদার অবসর গ্রহণ করলেও পুনর্নিযুক্ত হয়ে বিভাগে অধ্যাপনা ক'রে চলেছেন।

বিভাগের পরীক্ষার ফল সন্তোষজনক। ১৯৮৪ সালের বি এস-সি পার্ট টু-তে ২৪ জন ছাত্রের মধ্যে ১৯ জন প্রথম শ্রেণীতে আর ৫ জন দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। ১৯৮৪-র এম এস সি পরীক্ষায় ১৭ জনের মধ্যে ৫ জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

পদার্থবিদ্যার বিভিন্ন ক্ষেত্রে গবেষণার ব্যাপারেও বিভাগের কৃতিত্ব লক্ষণীয়। কলকাতা বিশ্ববিদ্যালয়ের পি-এইচ ডি ডিগ্রী পেয়েছেন তিনজন রিসার্চ স্কলার। এরা কাজ করেছেন প্রফেসর শ্যামল সেনগুপ্ত, প্রফেসর এ কে রায়চৌধুরী এবং প্রফেসর বি এস বসাকের অধীনে। এই স্কলারদের নাম শ্রীদীপঙ্কর হোর, শ্রীশ্যামলকুমার সাহা এবং শ্রীশুভাশিস্ কুন্ডুদাস।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত রেডিও-ফিজিক্স বিভাগে নভোবিজ্ঞান ও কারিগরী বিষয়ে বক্তৃতা দিয়েছেন ডঃ এম কে দাশগুপ্ত।

বিভাগের প্রাক্তন ডেমনস্ট্রেটর শ্রীক্ষেত্রধন ভট্টাচার্য এ বছর দেহত্যাগ করেছেন।

**প্রাণিবিদ্যা বিভাগঃ** আগের বছরের পরীক্ষার যে ফল বেরিয়েছে তা থেকে জানতে পারছি যে, ছ'জন পরীক্ষার্থীর মধ্যে একজন বি এস-সিতে প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

চন্দননগর কলেজ থেকে ডঃ এ আর ব্যানার্জী বিভাগে যোগ দিয়েছেন আর তাঁর জায়গায় বদলি হয়ে চলে গেছেন ডঃ ডি কে চক্রবর্তী।

বিভাগের ডেমনস্ট্রেটর শ্রী পি পি চৌধুরী বিভাগীয় প্রধান ডঃ এস কে দাশগুপ্তের অধীনে কাজ ক'রে এনটমলজি বিষয়ক সমস্যার সম্বন্ধে গবেষণা-নিবন্ধ লেখা শেষ করেছেন এবং তা উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে জমা দিয়েছেন।

পার্ট ওয়ান পরীক্ষার্থী ছাত্রছাত্রীদের আলিপুর চিড়িয়াখানা ও ভারতীয় যাদুঘরে নিয়ে যাওয়া হয়েছিল, অন্যদিকে পার্ট টু পরীক্ষার্থীদের নিয়ে যাওয়া হয়েছিল দীঘা ও জুনপুটের সমুদ্রসৈকতে। অধ্যাপক ডি কে চক্রবর্তীর নেতৃত্বে ও দক্ষ কর্মী শ্রী পি কুমারের সহায়তায় এই শিক্ষামূলক ভ্রমণের আয়োজন করা হয়েছিল।

বিভাগের গবেষণা পরিচালনায় যথেষ্ট অসুবিধা রয়েছে। প্রয়োজনীয় অর্থের অপ্রাপ্তি, গবেষণাকর্মের উপযোগী প্রশাসনিক অধিকাঠামোর অভাব এগুলি খুবই বাধা সৃষ্টি করছে। বিভাগে একটি টাইপরাইটারও নেই। এতৎসত্বেও বিভাগের অধ্যাপকগণ তাঁদের গবেষণাকর্ম চালিয়ে যাচ্ছেন। অধ্যাপক মহম্মদ এস আলম বিভাগীয় প্রধান ডঃ এস কে দাশগুপ্ত-র অধীনে গবেষণাকর্ম শেষ ক'রে এনেছেন। আগামী বৎসরের মধ্যেই কলকাতা বিশ্ববিদ্যালয়ে তিনি তা জমা দেবেন। বিভাগীয় প্রধানের অধীনে তিনজন গবেষক-ছাত্র পি-এইচ ডি ডিগ্রীর জন্য কাজ ক'রে যাচ্ছেন। ডঃ এস কে দাশগুপ্ত নিজে জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া কর্তৃক ন্যস্ত দায়িত্ব নিয়ে প্রাণিজগৎ বিষয়ে গ্রন্থ রচনা করছেন। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের পি-এইচ ডি কমিটির সভ্য ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পি-এইচ ডি থিসিসের পরীক্ষক।

ডঃ ডি কে চক্রবর্তী গত আগস্ট মাসে চন্দননগর কলেজে বদলি হয়ে গেলেও বিভাগে এসে অবসর সময়ে অ্যাকারোলজি বিষয়ে গবেষণার কাজ করে চলেছেন। বিভাগ থেকে যেসব গবেষণা-নিবন্ধ বিভিন্ন জার্নালে পাঠানো হয়েছিল তা শীঘ্রই প্রকাশিত হবে।

**বাংলা বিভাগঃ** বাংলা বিভাগে বি এ পার্ট টু পরীক্ষায় ১৮ জন ছাত্রছাত্রী পরীক্ষা দিয়েছিল। এই ১৮ জনই দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। বাংলায় প্রথম শ্রেণীতে উত্তীর্ণ ছাত্রছাত্রীর সংখ্যা সারা বিশ্ববিদ্যালয়েই অত্যন্ত নগণ্য।

বিভাগের শিক্ষকমণ্ডলীর মধ্যে ডঃ হরনাথ পাল অবসরগ্রহণ করেছেন। তাঁর শূন্যপদে যোগ দিয়েছেন ডঃ স্বরাজ সেনগুপ্ত। ইনি চন্দননগর থেকে এসেছেন। বিভাগের প্রাক্তন অধ্যাপক ডঃ ক্ষুদিরাম দাস বৈষ্ণবতত্ত্ব সম্বন্ধে কয়েকটি বক্তৃতা দেন।

বিভাগের সেমিনার লাইব্রেরী ও ইউ জি সি লাইব্রেরীতে বই দেওয়া আপাতত বন্ধ আছে। সেমিনার লাইব্রেরীতে যেসব বই কেন্দ্রীয় গ্রন্থাগার থেকে আনা হয়েছিল এবং ছাত্রছাত্রীদের সহায়তায় তালিকাবদ্ধ হয়েছিল তা ফেরত দিয়ে দেওয়া হয়েছে। সেমিনার লাইব্রেরীর ভার নিলেন বিভাগীয় প্রধান ডঃ শ্যামলকুমার চট্টোপাধ্যায়। নতুন ক'রে সেমিনার লাইব্রেরী চালু হবে এবার। ইউ জি সি লাইব্রেরীর পরিচালনভার ন্যস্ত রয়েছে শ্রীঅরুণকুমার ঘোষের উপর।

বিভাগ থেকে যেসব ছাত্রছাত্রী এম এ ক্লাসে ভর্তি হয়েছে তারা নিয়মিত বিভাগের অধ্যাপক-দের কাছে এসে বিভিন্ন বিষয়ে ক্লাস ক'রে যাচ্ছে।

বিভাগের অধ্যাপক শ্রীহরেকৃষ্ণ রায় মার্চ মাসে নিখিল ভারত সাহিত্য সভায় 'প্রেস অ্যান্ড লিটারেচার' বিষয়ে প্রবন্ধ পাঠ করেন। তিনি ১৪ই অক্টোবর ১৯৮৫-তে মহাজাতি সদনে পশ্চিমবঙ্গ গণতান্ত্রিক লেখক ও শিল্পী সম্প্রদায় আয়োজিত সেমিনারে 'ব্যক্তিত্ববিকাশে সাহিত্যশিল্পের ভূমিকা' বিষয়ে লিখিত বক্তৃতা পাঠ করেন। ২রা সেপ্টেম্বর কলকাতা বিশ্ববিদ্যালয় সেন্টিনারী হলে আয়োজিত বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মদিন উপলক্ষে কবির বিষয়ে লিখিত বক্তৃতা করেন। শ্রীরাজ্যেশ্বর মিত্রের সংবর্ধনায় 'ভারতীয় সঙ্গীতে ও তার উত্তরা-ধিকার' বিষয়েও বক্তৃতা করেন।

বিভাগের অধ্যাপক ডঃ প্রশান্তকুমার দাশগুপ্তও কয়েকটি আলোচনাসভায় অংশগ্রহণ করেন। ১৯৮৫ সালের ১৭ই ফেব্রুয়ারি রবীন্দ্র পরিষদ, হাওড়া, আয়োজিত রবীন্দ্রনাথ সম্পর্কিত বক্তৃতা-মালায় তিনি যে বক্তৃতা করেন তার বিষয় 'রবীন্দ্রনাথের ছোটগল্পে নারী'। ২৫-এ থেকে ২৮-এ মার্চ বিহার বিশ্ববিদ্যালয়ের (মজঃফরপুর) আমন্ত্রণ পেয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুদানে আয়োজিত স্বাধীনতা-উত্তর বাংলা কবিতা বিষয়ক সেমিনারে 'রবীন্দ্রনাথ ও আধুনিক বাংলা কবিতা' বিষয়ে নিবন্ধ পাঠ করেন। গত ১৪ই থেকে ১৯-এ মে কলকাতার শিশির মঞ্চে পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্‌যোগে যে 'বাংলাভাষা প্রসঙ্গে আলোচনা-চক্র' আয়োজিত হয়েছিল তার বিভিন্ন অধিবেশনে যোগ দেন। ২রা ও ৩রা নভেম্বর বহরমপুরে আয়োজিত দ্বিতীয় রবীন্দ্রচর্চা সম্মেলনে কলকাতা রবীন্দ্রচর্চাভবনের (টেগোর রিসার্চ ইনস্টি-টিউটের) প্রতিনিধি হিসাবে যোগ দেন। ৫ই ও ৬ই নভেম্বর বরানগরে মরকতকুঞ্জে রবীন্দ্র-ভারতী বিশ্ববিদ্যালয়ে বয়স্ক ও মুক্ত শিক্ষা বিষয়ে পশ্চিমবঙ্গ রাজ্য উপকরণ কেন্দ্র (ওয়েস্ট

বেঙ্গল স্টেট রিসোর্সেস সেন্টার) ও বেঙ্গল সোস্যাল সার্ভিস লীগের যৌথ উদ্‌যোগে আয়োজিত আলোচনাচক্রের আলোচনায় অংশগ্রহণ করেন। এছাড়া তিনি বিহারের সমস্তিপুরে আয়োজিত প্রবীণ কথাসাহিত্যিক বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের দ্বিনবতিতম জন্মজয়ন্তী উৎসব উপলক্ষে আয়োজিত সম্বর্ধনা সভায় 'বিভূতিভূষণ ও সাম্প্রতিক কালের সাহিত্যরচনা' বিষয়ে বক্তৃতার জন্য আমন্ত্রিত হয়েছিলেন।

বিভাগের দেওয়াল পত্রিকা ছাত্রছাত্রীরা চমৎকার লেখায় ভরে তুলছে। অধ্যাপক রঞ্জনকুমার ভৌমিকের তত্ত্বাবধানে পত্রিকাটি প্রকাশিত হয়ে চলেছে।

**ভূগোল বিভাগঃ** এই বিভাগে একটি প্রফেসর ছাড়া একটি অ্যাসিসট্যান্ট প্রফেসরের পদ এখনও শূন্য রয়েছে। বিভাগের ছাত্রছাত্রীদের পরীক্ষার ফল সন্তোষজনক। মোট ১৬ জন ছাত্রছাত্রী ১৯৮৪-র পার্ট টু পরীক্ষায় বসেছিল তাদের মধ্যে ৮ জন প্রথম শ্রেণীতে ও বাকি ৮ জন দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। ১৯৮৪ সালের এম এ/এম এস-সি পরীক্ষায় তিনজন প্রথম বিভাগে ও দু'জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

ডঃ অভিজিৎ গুপ্ত, (সিঙ্গাপুর বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের অধ্যাপক) বিভাগে দক্ষিণ-পূর্ব এশিয়ার নগরপ্লাবন ও সংরক্ষণ ব্যবস্থা সম্পর্কে বক্তৃতা দেন। বিভাগের অধ্যাপক শ্রীরামচন্দ্র মুখোপাধ্যায় পশ্চিমবঙ্গের শহর-উন্নয়ন বিষয়ে গবেষণা করছেন। অপরাধ-ভূগোল বিষয়ে গবেষণা করছেন অধ্যাপক শ্রীশ্যামল ঘোষ। 'হুগলী উপনদীর জলসম্পদ—অজয়, ময়ূরাক্ষী, দামোদর, মুণ্ডেশ্বরী ও কংসাবতী ক্ষেত্র'—এই বিষয়ে পঞ্চবর্ষ প্রকল্পের একটি কাজ করছেন অধ্যাপক শ্রীপ্রণবকুমার রায়। এছাড়া তিনি মানচিত্র পরিকল্পনা সম্পূর্ণ করেছেন এবং NATMO International Seminar-এ Catagrophic Planning of Secondary Atlas প্রবন্ধ পাঠ করেন। অধ্যাপক শ্রীপ্রদীপকুমার মুখোপাধ্যায় জনসংখ্যাতত্ত্ব সম্পর্কে গবেষণা করে চলেছেন। অধ্যাপক শ্রীজয়দেব কোলে কৃষিভূগোল সম্পর্কে তার গবেষণা-নিবন্ধ প্রস করেছেন।

বিভাগ থেকে ছাত্রছাত্রীদের নিয়ে ক্ষেত্রসমীক্ষারও আয়োজন করা হয়েছিল।

**ভূ-তত্ত্ব বিভাগঃ** ক্ষেত্রসমীক্ষা, ক্ষেত্রে শিক্ষণ, অধ্যাপনা ও গবেষণার সব স্তরেই ১৯৮৫ সালে বিভাগটি তার উৎকর্ষের মান বজায় রেখেছে। বিভাগে ১ম, ২য়, ও ৩য় বর্ষ মিলে মোট ১০৮ জন ছাত্রছাত্রী রয়েছে। এছাড়া রয়েছেন ১ জন জুনিয়র রিসার্চ ফেলো ও ১ জন রিসার্চ কেমিস্ট। ১৯৮৪ সালের বি এ পরীক্ষায় ২২ জন ছাত্রের মধ্যে ১০ জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। এম এস-সি পরীক্ষার্থীদের ১০ জনের মধ্যে ১০ জনই দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। ভারতবর্ষের বিভিন্ন স্থানে পশ্চিমবঙ্গ, বিহার ও দাক্ষিণাত্যে ছাত্রছাত্রীদের নিয়ে যাওয়া হয়েছিল। স্নাতকোত্তর শ্রেণীর ছাত্ররা থিসিস পেপার তৈরি করার জন্য নিজেরাও ভিন্ন ভিন্ন স্থানে গিয়েছিল।

বিভাগের প্রধান হয়েছেন প্রফেসর ডঃ পি কে গঙ্গোপাধ্যায়। প্রাক্তন প্রধান ডঃ এ কে সাহা অবসরগ্রহণ করেছেন। বিভাগে একটি 'প্রফেসর', ১টি অ্যাসিস্টান্ট প্রফেসর ও ১টি ডেমনস্ট্রেটর পদ খালি রয়েছে। বিভাগে চতুর্থ শ্রেণীর কর্মী আবুবকর পরলোকগমন করেছেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এই বিভাগকে ১৯৮৪ সালে COSIST পরিকল্পনায় যে আর্থিক সহায়তা দেবেন বলে স্থির করেছিলেন তা প্রকৃতপক্ষে ১৯৮৫ সালেই পাওয়া গেছে। এই সহায়তাদানের উদ্দেশ্য দ্বিবিধঃ (১) স্নাতকোত্তর শ্রেণীতে পঠন-পাঠনের মান উন্নত করা ও (২) ভারতের কয়েকটি নির্বাচিত স্থানে ভূত্বকের বিবর্তন ও ধাতুসরভবন সম্পর্কিত গবেষণায় সাহায্য। কয়েকটি নির্বাচিত বিভাগে সহায়তাদানের যে প্রকল্প [ SAP / DSA ] কমিশনের আছে তার থেকে একটা বড় সাহায্য গত ৪ঠা জুলাই ১৯৮৫ সালে পাওয়া গেছে। এই সাহায্যটি তিন বছরের জন্য। বহুমুখী বিদ্যার পাঠক্রম ও বিশেষ পাঠক্রমের চর্চা, শিক্ষণ ও গবেষণার উন্নতির জন্য এই সাহায্য থেকে জটিল ও সংবেদনশীল যন্ত্রপাতিবহুল একটি ল্যাবরেটরী গড়ে তোলা হচ্ছে। যাতে পাথর ও খনিজ পদার্থের বয়স যে বিকিরণ-গণক যন্ত্রপাতিতে নিরূপণ করা যায় সেরকম যন্ত্রপাতি, যেমন Spectrophotometer, ICP ইত্যাদি থাকবে।

বিভাগে ৯ম এস রায় স্মারক বক্তৃতার আয়োজন হয়। এস রায় স্মারক সমিতি ও জিওলজিক্যাল ইনস্টিটিউটের যৌথ উদ্যোগে এই আয়োজন। এতে ধানবাদ স্কুল অফ মাইন্সের কয়লা-সম্পর্কিত ভূতত্ত্বের বিশারদ ও প্রফেসর ডঃ ডি চন্দ বক্তৃতা করেন। এছাড়া গত মার্চ মাসে ভারতের বিজ্ঞান ও কারিগরী বিভাগের অনুদানে ও ইন্ডিয়ান সোসাইটি অফ আর্থ সায়েন্সের সহায়তায় বিভাগ থেকে একটি আলোচনাচক্রের আয়োজন করা হয় যাতে দেশের বিভিন্ন স্থানের তরুণ বিজ্ঞানীরা এসে তাঁদের নিবন্ধ পাঠ করেন। শ্রেষ্ঠ নিবন্ধের জন্য শ্রীঅনিন্দ্য সরকারকে পুরস্কৃত করা হয়। শ্রী সরকার আমেদাবাদ ফিজিক্যাল রিসার্চ ল্যাবরেটরীতে কাজ করছেন। তিনি এ কলেজের একজন প্রাক্তন ছাত্রও।

ভূ-তত্ত্ববিদ্যায় কম্পিউটার ব্যবহার বিষয়ে মিস নেলী ই গেরেন্স আমেরিকা যুক্তরাষ্ট্র থেকে এসে বক্তৃতা দিয়েছেন। আমেরিকা যুক্তরাষ্ট্রের নেভাদা ম্যাকে স্কুল মাইন্‌স-এর প্রফেসর জোসেফ লিন্‌টজ এবং ক্যানাডার অ্যালবার্টা বিশ্ববিদ্যালয়ে ডাঃ আর এস জে ল্যামবার্ট কোলোরাডোর Flood Basalts বিষয়ে বক্তৃতা করে গেছেন।

গত বছরে The Indian Journal of Earth Sciences-এর ৪টি সংখ্যা বেরিয়েছে। বিভাগের এই জার্নালের দ্বাদশ বর্ষ পূর্তি হল। গত বছর ভূত্বকের বিবর্তনের বিষয়ে যে সেমিনারটি হয়েছিল তার নিবন্ধগুলি এর বিশেষ সংখ্যায় প্রকাশিত হয়েছে। ছাত্রদের Geological Institute এবং বার্ষিক সংখ্যাটি প্রকাশিত হয়েছে। এরা আন্তঃমহাবিদ্যালয় প্রশ্নোত্তরের আসরের আয়োজনও করেছিল। মহাবিদ্যালয়ের ছাত্রদের মধ্যেও এরকম আসর বসেছিল। এছাড়া ইন্ডিয়ান স্কুল অফ মাইন্‌স-এর প্রফেসর বি বি ভট্টাচার্য এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ডঃ সুদীপ্তা সেনগুপ্ত তাঁদের কুমেরু অভিযানের অভিজ্ঞতা বিবৃত করেন। শ্রী পি আর সেনগুপ্ত বেনারসের কাছে পুরাতাত্ত্বিক আবিষ্কারের বিষয়ে বলেন।

ডঃ এ কে সাহা এখনও Mathematical Geology নামে আন্তর্জাতিক জার্নালের সম্পাদক-মণ্ডলীর সভ্য, Centre for Study of Man and Environment -এর অবৈতনিক সম্পাদক, ভারতের বিজ্ঞান ও কারিগরী বিভাগের উদ্যোগে যে Thrust-area research programme on 'Solid Earth' চলছে তার বিশেষজ্ঞ কমিটির সভ্য, পশ্চিমবঙ্গ সরকারের পরিবেশ দপ্তরের

PRESIDENCY COLLEGE
LIBRARY, CALCUTTA

উদ্‌যোগে পরিবেশ দূষণের ব্যাপারে যে সমীক্ষা চলছে সেই ব্যাপারে পরামর্শদানের জন্য গঠিত কমিটির সভ্য, হায়দরাবাদের National Geophysical Research Institute-এর গবেষণা-সংক্রান্ত ব্যাপারে যে পরামর্শদানের কমিটি তার সভ্য এবং পরিবেশবিজ্ঞান বিষয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের এম ফিল কমিটির সভ্য হিসাবে রয়েছেন। তিনি ত্রিবান্দ্রামে Centre for Earth Science Studies -এর আমন্ত্রণে সেখানে গিয়ে বক্তৃতা ও আলোচনা করে এসেছেন।

ডঃ পি কে গঙ্গোপাধ্যায় এবছরও দেরাদুনের ওয়াদিয়া ইনস্টিটিউট অফ হিমালয়ান জিওলজীর কাজকর্ম সম্পর্কে যে মূল্যায়ন চলছে সে ব্যাপারে ভারতসরকার গঠিত কমিটির সভ্য হিসাবে রয়েছেন।

অধ্যাপক জি এস ঘটক গত ২১ থেকে ২৩এ সেপ্টেম্বর পর্যন্ত হায়দরাবাদে অনুষ্ঠিত Mass Spectromesty বিষয়ে তৃতীয় জাতীয় আলোচনাচক্রে আমন্ত্রিত হয়ে যান।

ডঃ এস কে বোস এ বছরও CSIR -এর অন্তর্গত Earth Science and Mining Research Committee -এর সদস্য হিসাবে ছিলেন।

বিভাগের অন্য শিক্ষক সদস্যরা এবং গবেষক-সদস্যরা বিভিন্ন বিষয়ে তাঁদের গবেষণা চালিয়ে যাচ্ছেন।

**রসায়ন বিভাগঃ** বিভাগের ২৪ জনের মধ্যে ৮ জন ছাত্র প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। এম এস-সি পরীক্ষায় একটি ছাত্র প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

বিভাগের বিভিন্ন অধ্যাপকের পরিচালনায় ৭ জন গবেষক-সদস্য তাঁদের গবেষণা ক'রে যাচ্ছেন। দুজন পি-এইচ ডি উপাধির জন্য গবেষণা-নিবন্ধ পেশ করেছেন এবং একজন পি-এইচ ডি পেয়েছেন।

উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে বিভাগের পুনর্মিলন উৎসব উদ্‌যাপিত হয় গত ১৯৮৪ সালের ১৮ই ও ১৯এ ডিসেম্বর। ঐ দিনই বিভাগের অধ্যাপক প্রশান্তকুমার ভৌমিকের তত্ত্বাবধানে ও ছাত্র শ্রীঅরুণকুমার চট্টোপাধ্যায়ের সম্পাদনায় বিভাগীয় দেওয়াল পত্রিকা 'কিমিয়া' আত্মপ্রকাশ করল। এর দু'টি সংখ্যা এযাবৎ প্রকাশিত হয়েছে।

বিভাগের স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীর ৪০ জন ছাত্রছাত্রী শিক্ষামূলক ভ্রমণের জন্য ঝাড়গ্রাম-ঘাটশিলা যায়। সেখানকার কাগজকল, তাম্রনিষ্কাশনের কারখানা সালফিউরিক অ্যাসিড উৎপাদনের কারখানা ইত্যাদি তারা দেখে আসে।

বিভাগে নিয়মিত সেমিনার চালু হয়েছে। এসব সেমিনারে কলেজের ছাত্র, অধ্যাপক, বহিরাগত বিশিষ্ট অধ্যাপক ও বৈজ্ঞানিক অংশগ্রহণ করেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ও বিশিষ্ট বৈজ্ঞানিক ডঃ সুশীলকুমার মুখোপাধ্যায়ের 'কলোএড্‌স'-এর উপর আলোচনার মাধ্যমে সেমিনারের সূচনা হয়। এরপর যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শ্রীমিহির দাস, কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাগ্যজীবন ঘোষ, শ্রীমিহির চৌধুরী আই এ সি এস ও কলেজের রসায়ন বিভাগের প্রধান ডঃ পীযূষ দাসও সেমিনারে অংশগ্রহণ করেন।

আমেরিকার ওহিও স্টেট ইউনিভারসিটির ডঃ রথীন্দ্রনাথ বসু যে বক্তৃতা দেন তার বিষয় ছিল Interaction of *Cis* Platin with Inorganic Phosphates.

বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র অর্ক মুখার্জী এবং দ্বিতীয় বর্ষের ছাত্র রাজেশ বোখরা এবছর সাফল্যের সঙ্গে এভারেস্ট বেস ক্যাম্প-এ (১৯,০০০ ফিট) ট্রেনিং নিয়ে ফিরেছে।

বিভাগের অধ্যাপক ডঃ টি চক্রবর্তী দেশজ উদ্ভিদের ভেষজগুণের উপর বক্তৃতা দেবার জন্য ISHS International Symposium 1985-এ আমন্ত্রিত হয়েছিলেন।

একটি দুঃখের সংবাদ হল বিভাগের প্রাক্তন ডেমনস্ট্রেটর গৌরীশঙ্কর মুখার্জী এবং প্রাক্তন কর্মী নিত্যানন্দ পাঁজার দেহাবসান হয়েছে।

শ্রী বিষ্ণুপদ মিত্র অ্যাসিসট্যান্ট ইলেকট্রিসিয়ান পদে যোগ দিয়েছেন।

**রাশিবিজ্ঞান বিভাগঃ** ১৯৮৪ সালের বি এস-সি পার্ট ওয়ানে ৬ জন এবং পার্ট ওয়ান ও পার্ট টুর ফল মিলিয়ে মোট ২ জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। বিভাগের পুনর্মিলন উৎসব সমিতির প্রদত্ত অনুদানে গঠিত প্রশান্তচন্দ্র মহলানবীশ স্মৃতি তহবিলের সুদ থেকে পার্ট ওয়ানে সর্বাধিক নম্বর পেয়ে শ্রীমতী অপর্ণা রায়চৌধুরী ও পার্ট ওয়ান এবং পার্ট টুর মিলিত ফলের সর্বাধিক নম্বর পেয়ে শ্রীমান অয়নেন্দ্রনাথ বসু প্রত্যেকে ১৫০ টাকা মূল্যের বই পুরস্কার পাবার যোগ্য ব'লে বিবেচিত হয়েছে।

বিভাগের অধ্যাপক ডঃ বিশ্বনাথ দাস Indian Standard Institution এবং Indian Association for Productivity, Quality এবং Reliability যৌথ উদ্যোগে ৮ই থেকে ১০ই নভেম্বর ১৯৮৫তে নয়াদিল্লীর CSIR Science Centre আয়োজিত Quality Assurance Management সংক্রান্ত কর্মশালায় অতিথি বক্তা হিসাবে যোগ দেন। তিনি সম্প্রতি 'বারসারের' দায়িত্বে নিযুক্ত আছেন।

বিভাগের দেওয়াল পত্রিকা 'ক্যাকটাস' নিয়মিত প্রকাশিত হয়ে চলেছে।

**রাষ্ট্রবিজ্ঞান বিভাগঃ** বিভাগের ফল অত্যন্ত সন্তোষজনক। ১৯৮৪ সালের বি এ পার্ট টু পরীক্ষায় শতকরা একশ' জনই উত্তীর্ণ হয়েছে। সফল ছাত্রছাত্রীদের মধ্যে তিনজন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

বিভাগের সেমিনারে বক্তাদের মধ্যে এবার রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ডঃ দেবীপদ ভট্টাচার্য, কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা বেলা দত্তগুপ্ত এবং অধ্যাপক বুদ্ধদেব ভট্টাচার্য আর নেতাজী ইনস্টিটিউট ফর এশিয়ান স্টাডিজের অধ্যক্ষ ডঃ রাধারমণ চক্রবর্ত্তীও ছিলেন।

বিভাগের পঁচিশবর্ষ পূর্তি উপলক্ষে রজতজয়ন্তী উৎসব ও বিভাগীয় ছাত্রছাত্রীদের পুনর্মিলন উৎসব সাড়ম্বরে দু'দিন ধরে পালিত হয়েছে। একটি প্রাক্তন ছাত্রছাত্রী সমিতি গঠিত হয়েছে। এই সমিতি একটি মনোজ্ঞ অনুষ্ঠানের মাধ্যমে বিভাগের প্রয়াত অধ্যাপক উপেন্দ্রনাথ ঘোষাল ও নির্মলচন্দ্র বসুরায়চৌধুরীর প্রতিকৃতি বিভাগকে উপহার দেয়।

বিভাগের প্রাক্তন অধ্যাপক ডঃ রমেশচন্দ্র ঘোষও গত অক্টোবর মাসে পরলোকগমন করেছেন। গত বছর ফেব্রুয়ারি মাসে লোকান্তরিত হয়েছিলেন নির্মলচন্দ্র বসুরায়চৌধুরী। বিভাগের উন্নতির জন্য এঁদের যে অসামান্য দান তার কথা দুটি স্মরণসভায় স্মরণ করা হয়েছিল।

বিভাগীয় প্রধান ডঃ অমলকুমার মুখোপাধ্যায় যে Socialist Perspective নামে সমাজ বিজ্ঞান বিষয়ের ত্রৈমাসিক ইংরেজী পত্রিকার সম্পাদক তার ত্রয়োদশ বর্ষ অতিক্রান্ত হয়েছে। তাঁর অধীনে তিনজন গবেষক-সদস্য গবেষণা করে যাচ্ছেন। শ্রীমতী দীপিকা মজুমদার নামে আর একজন গবেষক-সদস্যা (ইউ জি সি টিচার ফেলো) পি-এইচ ডির জন্য নিবন্ধও জমা দিয়েছেন।

**শারীরবিদ্যা বিভাগঃ** এই বিভাগের ৫ জন ছাত্রছাত্রী ১৯৮৪ সালের বি এস-সি পার্ট টু পরীক্ষায়, ৩ জন এম এস-সি. পার্ট ওয়ান পরীক্ষায় এবং ৪ জন ১৯৮৩ সালের এম এস-সি পার্ট টু পরীক্ষায় প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। কয়েকবছর পরে বিভাগের ছাত্রছাত্রীরা সেমিনার লাইব্রেরী ব্যবহার করতে পারছে। এই বিভাগের স্নাতকোত্তর শ্রেণীর প্রয়োগশালার সম্প্রসারণের জন্য যে কক্ষগুলি নির্দিষ্ট হয়েছে সেগুলির প্রয়োজনীয় সংস্কার সম্পূর্ণ না হওয়ায় সেখানে এবছরও ক্লাস করা সম্ভব হয় নি।

এ বছর ২১-এ জানুয়ারি বিভাগের ছাত্রছাত্রীদের কলকাতায় National Institute of Cholera and Enteric Diseases সংস্থায় শিক্ষামূলক পরিদর্শনে নিয়ে যাওয়া হয়। বিভাগের অন্যতম অধ্যাপক শ্রীদেবজ্যোতি দাশ NCERT কর্তৃক আমন্ত্রিত হয়ে অন্যতম বিশেষজ্ঞ (Resource person) রূপে নয়াদিল্লীতে ২৬এ থেকে ৩০এ মার্চ পর্যন্ত অনুষ্ঠিত 'জীববিদ্যার পাঠক্রম' বিষয়ে একটি জাতীয় সেমিনারে এবং ২৬এ আগস্ট থেকে ৪ঠা সেপ্টেম্বর পর্যন্ত অনুষ্ঠিত 'জীববিদ্যার শিক্ষকনির্দেশিকা' সম্বন্ধে একটি কর্মশালায় অংশগ্রহণ করেন। তিনি পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের আমন্ত্রণে কলিকাতা তথ্যকেন্দ্রে অনুষ্ঠিত বাংলাভাষা সম্বন্ধে আলোচনাচক্রে ১৯-এ মে তারিখে বৈজ্ঞানিক পরিভাষা' বিষয়ে একটি নিবন্ধ পাঠ করেন এবং জাতীয় পুস্তকনীতি সম্পর্কিত ওয়ার্কিং গ্রুপের আমন্ত্রণে ৫ই অক্টোবর কলকাতায় ঐ গ্রুপের জাতীয় পুস্তকনীতি সম্বন্ধে আলোচনায় অংশগ্রহণ করেন।

বিভাগের সঙ্গে যুক্ত Physiological Institute নিয়মিত ভাবে 'প্রাচীরিকা' নামে দেওয়াল পত্রিকাটি প্রকাশ করে চলেছেন। গত ১৬-১৭ই মার্চ বিভাগের প্রাক্তন ও বর্তমান ছাত্রছাত্রীদের রজতজয়ন্তী পুনর্মিলন অনুষ্ঠিত হয়। সেই উপলক্ষে একটি স্মারকগ্রন্থ প্রকাশিত হয় এবং বনভোজন অনুষ্ঠিত হয়। ৫ই অক্টোবর বিভাগের নবাগতদের জন্য নবীনবরণ এবং বিদায়ীদের জন্য বিদায় সম্বর্ধনার আয়োজন করা হয়।

বিভাগের সেমিনারে গত ১২ই জানুয়ারি পিট্‌স্‌বুর্গ বিশ্ববিদ্যালয়ের গবেষক শ্রীসৌমেন দত্ত Methodology in Genetic Engineering সম্বন্ধে, ১৮ই ফেব্রুয়ারি পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ সুখময় লাহিড়ী Physiology on the slopes of the Mount Everest and in the Depth of the Ocean বিষয়ে এবং ১২ই এপ্রিল ইন্ডিয়ান ইনস্টিটিউট

অফ কেমিক্যাল বায়োলজীর বিজ্ঞানী ডঃ মনোরঞ্জন সিংহ Gene Splicing and Restrictive Enzymes সম্বন্ধে গবেষণামূলক বক্তৃতা দিয়েছেন। এছাড়া পিট্স্বুর্গ বিশ্ববিদ্যালয়ের শ্রীমতী মোনালিসা মজুমদারও বিভাগ পরিদর্শনে আসেন।

বিভাগের সুযোগ্য কর্মী মহেন্দ্রকুমার সিংহ আকস্মিক দুর্ঘটনায় পরলোকগমন করেছেন।

বিভাগের প্রাক্তন ছাত্র ডঃ যোগেন্দ্রনাথ মৈত্রের স্মরনে তাঁর পুত্রের প্রদত্ত অর্থে Physiological Institute ১৯৮৬ সাল থেকে এই বিভাগে কোনও সুপ্রতিষ্ঠিত বিজ্ঞানীর দ্বারা "ডঃ জে এন মৈত্র স্মৃতি জনবোধ্য বক্তৃতা"র আয়োজন করবে।

**হিন্দী বিভাগঃ** বিভাগের শতকরা একশজন ছাত্রছাত্রীই পার্ট টু পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। একটি ছাত্রী সারা বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম শ্রেণীতে প্রথম স্থানাধিকারিণী হয়েছে। বিভাগে প্রাক্-স্নাতকোত্তর পাঠক্রম চালু হয়েছে। এতে ১০টি ছাত্রছাত্রী ভর্তি হয়েছে। তিনজন পুরা সময়ের, ৫ জন আংশিক সময়ের শিক্ষক এবং একজন পুরা সময়ের গ্রন্থাগারিক কাজ ক'রে যাচ্ছেন।

বিভাগের সেমিনার লাইব্রেরীতে ৮০০টি বই এনে রাখা হয়েছে। এবছর হিন্দী বইয়ের জন্য সাধারণ বার্ষিক অনুদান ছাড়াও ১০,০০০ টাকার বিশেষ অনুদান দিয়েছেন শিক্ষাদপ্তর। এই আর্থিক অনুদান দেবার পরামর্শ দিয়েছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে আগত পরিদর্শকদল।

যোধপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ও কলকাতা বিশ্ববিদ্যালয়ের হিন্দী বিভাগের প্রফেসর কল্যাণমল লোধা হিন্দীর প্রাক্-স্নাতকোত্তর শ্রেণীর উদ্বোধন করেন। কলেজের অধ্যক্ষ ডঃ অচিন্তকুমার মুখোপাধ্যায় ছিলেন উক্ত উদ্বোধন অনুষ্ঠানের সভাপতি এবং ইংরেজী বিভাগের প্রধান ডঃ কালিদাস বোস ছিলেন প্রধান অতিথি।

ভারতের প্রথম রাষ্ট্রপতি ডঃ রাজেন্দ্র প্রসাদ—যিনি ছিলেন এ কলেজের একজন প্রাক্তন ছাত্র—তাঁর শতোত্তর প্রথম জন্মবার্ষিকী বিভাগে উদ্‌যাপিত হয় এবং হিন্দী বিভাগের দেওয়াল পত্রিকার নাম 'দেশরত্ন' তাঁর নামে রাখা হয় এবং তাঁর স্মৃতির উদ্দেশে এ পত্রিকাটি উৎসর্গীকৃত হয়।

**কলেজ অফিসঃ** অবসরপ্রাপ্ত চীফ অ্যাকাউনট্যান্ট শ্রীবিতোষকুমার আচার্যের শূন্যপদে যোগ দিয়েছিলেন শ্রীঅমূল্যকুমার দাস। অবসরপ্রাপ্ত ক্যাশিয়ার মণীন্দ্রনাথ শীলের শূন্যপদে শ্রীমণীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় যোগ দিয়েছেন। পদোন্নতি হওয়ায় বদলি হয়ে যান শ্রীসুকুমার রায় ও শ্রীতরুণকুমার নাগ। তাঁদের শূন্যপদে এসেছেন শ্রীবাসুদেব নস্কর ও শ্রীঅমরকৃষ্ণ নস্কর। টাইপিস্ট শ্রীঅনামিকুমার সেনের পদোন্নতি হয়েছে, তিনি বদলি হয়ে চলে গেছেন। তাঁর পদটি এখনও খালি রয়েছে। ক্যাশ সরকার আলী হোসেন গত ২৮-এ সেপ্টেম্বর পরলোকগমন করেছেন। তাঁর পদটিও এখনও পর্যন্ত খালি রয়েছে।

**কলেজের কর্মীদের সাংস্কৃতিক সংস্থাঃ** কলেজের সকল শ্রেণীর কর্মীর এবং তাঁদের সন্তান-সন্ততির মধ্যে আবৃত্তি, গল্প, প্রবন্ধ, কবিতারচনা ও গানের প্রতিযোগিতার আয়োজন করা

হয়েছিল। চতুর্থ শ্রেণীর কর্মচারী বনাম অন্যান্য শ্রেণীর কর্মচারীদের মধ্যে ফুটবল খেলাটি প্রচুর আনন্দের খোরাক জুগিয়েছিল। সংস্থার বিভিন্ন প্রতিযোগিতায় সফলকাম প্রতিযোগীর মধ্যে পুরস্কার বিতরণ সভার এবং সেই উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পূর্ণাঙ্গ নাটক মঞ্চস্থ করার আয়োজনও চলছে।

**ছাত্রছাত্রীদের নানাবিধ চেষ্টাঃ** খুব আনন্দের সঙ্গে একথা বলা যায় যে, এ বছর কলেজের ছাত্রছাত্রীরা নানা কাজের মধ্য দিয়ে কলেজকে ভালবেসে তাকে সেবা করার জন্য যেসব কর্মসূচী নিয়েছে তার তুলনা নেই। তারা পি ডাবলু ডি-র কর্মীদের সঙ্গে হাত মিলিয়ে কলেজের ক্যান্টিন চত্বরটি পরিষ্কার করেছে, কলেজের মাঠটির অবস্থা ভাল করার জন্য তারা পি ডাবলু ডি-র কর্মীদের সঙ্গে মিলে গায়েগতরে খেটেছে, কলেজ ক্যান্টিনে টিউব লাইট জ্বালাবার ব্যবস্থা করেছে, দু'টি water cooler বসিয়েছে ক্যান্টিনে ও বিজ্ঞান বিভাগের গ্রন্থাগারের সামনে। কলেজের মধ্যে তারা নানা প্রতিযোগিতারও আয়োজন করেছিল।

